

৬



ঠাকুরগাঁও : রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম আহত শিক্ষক আবদুস সামাদকে তার চিকিৎসার জন্য ১০ হাজার টাকার একটি চেক হস্তান্তর করেন। জেলা প্রশাসক জালাল আহমেদ ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আবুদ্যাল হোসেনকে পাশে দেখা যাবে।

—সংবাদ

নকলের দায়ে বহিষ্কৃত ছাত্রের হাতে গুরুতর আহত শিক্ষকের চিকিৎসার জন্য ১০ হাজার টাকার চেক প্রদান

আহতের হোসেন রাজা, ঠাকুরগাঁও থেকে : চলতি উচ্চ মাধ্যমিক পরীক্ষা চলাকালে নকলের দায়ে বহিষ্কৃত ছাত্রের হাতে গুরুতর আহত ঠাকুরগাঁও গড়েয়া কলেজের শিক্ষক আবদুস সামাদকে তার চিকিৎসার জন্য ২৫শে জুন মঙ্গলবার এক অনাড়ম্বর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে রাজশাহী উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম ১০ হাজার টাকার একটি চেক প্রদান করেন। অনুষ্ঠানে ডেপুটি কম্পিউটার ফরজপুর রহমানসহ কলেজ শিক্ষক সমিতির ১৮'রও বেশি শিক্ষক উপস্থিত ছিলেন। জেলা প্রশাসক জালাল আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তৃতা রাখেন এডিসি (সার্বিক) আবুদ্যাল হোসেন, অধ্যক্ষ আ. জক্বার, অধ্যক্ষ সৈয়দ মেরাজুল হোসেন, অধ্যক্ষ সাইফুল ইসলাম, অধ্যক্ষ মুজাহিদুল করিম প্রমুখ। প্রসঙ্গত উল্লেখ্য, ১৬ই মে ইংরেজি প্রথম পত্র পরীক্ষা চলাকালে একজন ছাত্রকে নকলের অভিযোগে শিক্ষক আবদুস সামাদ বহিষ্কার করলে

ওই ছাত্রটি তার ওপর চড়াও হয় এবং তাকে গুরুতরভাবে জখম করে। মূর্খ অবস্থায় শিক্ষক আবদুস সামাদকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হলে তার অবস্থা দ্রুত অবনতি হতে থাকে। পরে তাকে বঙ্গবন্ধু মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে স্থানান্তর করা হয়। বর্তমানে তিনি ধীরে ধীরে সুস্থ হয়ে উঠছেন। বোর্ডের চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম আবদুস সামাদের উচ্চতর চিকিৎসার সফল ব্যয়ভার বহনের আশ্বাস প্রদান করেন। সম্রাসী পরীক্ষার্থী দীপেন চন্দ্র সরকারকে পুলিশ ঘটনার ১৫ দিন পর যেক্ষতার করতে সক্ষম হয়েছে এবং তাকে এক মাসের ডিটেনশন প্রদান করে জেল হাজতে পাঠানো হয়েছে। এবারের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রায় ১৪ হাজার পরীক্ষার্থীর মধ্যে নকলের দায়ে ১২টি কেন্দ্র থেকে ২ হাজার ছাত্রছাত্রীকে বহিষ্কার করা হয়েছে।